

সকগণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃ অধিঃ/ ইপিআই/ ফিল্ড সার্ভিস//কোভিড-১৯/০০৫/ ২০২৪/ ৩৬৩

তারিখঃ ০৪/০৩/২০২৪

বিষয়ঃ দেশে করোনা সংক্রমণ বৃদ্ধির পরিপ্রেক্ষিতে কোভিড-১৯ টিকাদান কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে দেশব্যাপী করোনা সংক্রমণ বৃদ্ধির পরিপ্রেক্ষিতে ফাইজার কোভিড-১৯ টিকা কার্যক্রমের প্রারম্ভিক (১ম ডোজ) এবং পরবর্তী ডোজ (২য়, ৩য়, ৪র্থ, বা পরবর্তী ডোজ) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় নিম্নোক্ত নির্দেশনা অনুসারে টিকা প্রাপ্তির স্বাপেক্ষে উদ্দিষ্ট জনগোষ্ঠীকে কোভিড-১৯ টিকাদান কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনাসমূহঃ SAGE গাইডলাইন, NITAG'B এবং কোভিড-১৯ সংক্রান্ত জাতীয় কারিগরি পরামর্শক কমিটির সুপারিশ অনুযায়ী টিকা যাদের প্রদান করা হবে

১। ১ম এবং পুনঃটিকার ডোজ (২য়, ৩য়, ৪র্থ, বা পরবর্তী ডোজ):

টিকা প্রাপ্তির বর্তমান অবস্থা	যে সকল জনগোষ্ঠী পাবে	নির্দেশিত ডোজের সংখ্যা
পূর্বে কোন কোভিড-১৯ টিকা গ্রহণ করেনি	১। ১৮ বছর ও তদূর্ধ্ব সকল জনগোষ্ঠী ২। সরাসরি যেকোন রোগীর সংস্পর্শে আসা স্বাস্থ্যকর্মী ৩। গর্ভবতী নারী	০১ ডোজ
	৪। ১৮ বছর ও তদূর্ধ্ব স্বল্পরোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ব্যক্তি	২/৩ ডোজ (চিকিৎসকের পরামর্শ অনুযায়ী)
পূর্বে কমপক্ষে ০১ ডোজ টিকা গ্রহণ করেছে (পুনঃটিকা -২য়, ৩য়, ৪র্থ বা পরবর্তী ডোজ)	১। ৬০ বছর ও তদূর্ধ্ব সকল জনগোষ্ঠী ২। ১৮ বছর ও তদূর্ধ্ব স্বল্পরোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ব্যক্তি	সর্বশেষ ডোজ গ্রহণের ৬ মাস অতিক্রান্ত হবার পর ০১টি ডোজ
	৩। দীর্ঘমেয়াদী রোগে আক্রান্ত প্রাপ্ত বয়স্ক ব্যক্তি ৪। সরাসরি যেকোন রোগীর সংস্পর্শে আসা স্বাস্থ্যকর্মী	সর্বশেষ ডোজ গ্রহণের ১২ মাস অতিক্রান্ত হবার পর ০১টি ডোজ
	৫। গর্ভবতী নারী	প্রতি গর্ভাবস্থায় ০১ টি ডোজ

উল্লেখ্য টিকা প্রদানের ক্ষেত্রে স্বাস্থ্য সেবার সাথে জড়িত প্রথম সারির স্বাস্থ্যকর্মীদের (সরকারি, বেসরকারি এবং এনজিও) অগ্রাধিকার ভিত্তিতে টিকা প্রদান নিশ্চিত করতে হবে।

২। কোভিড-১৯ টিকা প্রারম্ভিক ও পুনঃ টিকার/পরবর্তী ডোজের জন্য ফাইজার-কমিরনাটি টিকা ব্যবহার করতে হবে